

### প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৯-০৩-২০১৩ খ্রি: তারিখের স্মারক নং-৮০.১০৭.০১১.০০.০০.০০৮.২০১০ (গোপনীয়)/অংশ-১৬৮৭/২০১৩/৯৫ সংখ্যক পত্রের সুপারিশক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের " সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা" ( ২য় শ্রেণী)- এর রাজস্বখাতভুক্ত স্থায়ী পদে নিম্নবর্ণিত ০১ ( এক )-জন কর্মকর্তাকে জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী টা: ৮০০০-৪৫০X৭-১১১৫০-ইবি-৪৯০ X ১১-১৬,৫৪০/- এবং সরকার কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো :


ক্রমিক নং-	প্রার্থীর নাম, পিতা- মাতার নাম ও রেজিস্ট্রেশন নম্বর	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১।	এস এম তৌকির আহমেদ ( রেজি: নং-৩১৬৫৬৬) পিতা- মো: রফিকুল ইসলাম মাতা-মিসেস আলেয়া বেগম	গ্রাম- ঘোষের পাড়া, পো-ঘোষের পাড়া, উপজেলা- মেলান্দহ, জেলা- জামালপুর	১৩০১, ভাটারা টেলিকম, ভাটারা মোড়, গুলশান, ভাটারা, জেলা- ঢাকা

#### শর্তাবলী :

- চাকুরীতে যোগদানকৃত কর্মকর্তাকে ০২(দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরীতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;
- প্রশিক্ষণের জন্য সরকার যেখানে যে রূপ প্রয়োজন মনে করবে সেখানে প্রেরণ করবেন এবং তা গ্রহণ করতে হবে;
- চাকুরীতে যোগদানের পর ০২(দুই) বছরের মধ্যে তিনি যদি ন্যায় সংগত কারণ ছাড়া চাকুরীতে ইস্তফা দেন বা দিতে ইচ্ছুক হন বা চাকুরীতে অনুপস্থিত থাকেন তবে প্রশিক্ষণ বাবদ ব্যয়িত অর্থ অথবা বেতন ও আনুতোষিক হিসেবে আহোরিত অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন। অন্যথায়, দি পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান মোতাবেক সমুদয় অর্থ আদায় করা হবে;
- কর্মরত প্রার্থীকে কর্তৃপক্ষের ছাড়পত্র নিয়ে যোগদান করতে হবে;
- চাকুরীর জ্যেষ্ঠতাসহ যাবতীয় বিষয় চাকুরী সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পত্রে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রেও ঐ সমস্ত বিধি-বিধান প্রযোজ্য হবে;
- চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;
- যোগদানপত্রের সাথে প্রবেশপত্রসহ সকল সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে ;
- চাকুরীতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না ;

- এ) The Government Servants ( Conduct ) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে;
- ট) যদি উপরের শর্তাবলী গ্রহণযোগ্য হয় তবে আগামী ২৫-০৮-২০১৩খ্রি: তারিখ রোজ রবিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা বরাবর যোগদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(এ ইউ এস এম সাইফুল্লাহ)  
যুগ্মসচিব  
টেলিফোন : ৯৫৪০১০৯

স্মারক নং-৪৫.১৬৯.০১১.০০.০০.০১৫.২০১০-২১০(১০)

তারিখ: ১৯-০৮-২০১৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা
- ৩। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা ( পদায়নের অনুরোধসহ)
- ৪। যুগ্ম-সচিব ( পক ও কার্যক্রম ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য )
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ( সিভিল ) ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েবসাইট প্রকাশের অনুরোধসহ )
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৯। জনাব এস এম তৌকির আহমেদ ( রেজি: নং-৩১৬৫৬৬), পিতা- মো: রফিকুল ইসলাম, মাতা-মিসেস আলেয়া বেগম, স্থায়ী ঠিকানা : গ্রাম- ঘোষের পাড়া, পো-ঘোষের পাড়া, উপজেলা- মেলান্দহ, জেলা- জামালপুর বর্তমান ঠিকানা : ১৩০১, ভাটারা টেলিকম, ভাটারা মোড়, গুলশান, ভাটারা, জেলা- ঢাকা।



(এ ইউ এস এম সাইফুল্লাহ)  
যুগ্মসচিব